# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম**

**বিষয় ঃ গার্হস্থ্য বিজ্ঞান (সৃজনশীল)** **বিষয় কোড ঃ ১১৪**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৫০**

[যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাওঃ ]

১। সুফিয়া ৪ ছেলেমেয়েকে নিয়ে মার্কেটে গেল শপিং করতে। তার কাছে মোট ১০,০০০/- ছিল। জামা, জুতা, বেডিং কভার, নানা জিনিসপত্র কিনে টাকা শেষ করে ফেলল। বাসায় ফেরার টাকাও অবশিষ্ট নেই। বহুকষ্টে সেদিন সুফিয়া ছেলেমেয়েদের নিয়ে বাসায় ফিরেছে।

ক) বাজেট কী ? ১
খ) বিজেটের খাত বলতে কী বুঝায় ? ২
গ) একটি পরিবারের মাসিক বাজেট প্রনয়ণ করে দেখাও। ৩
ঘ) মার্কেট যাওয়ার আগে সুফিয়ার বাজেট করার প্রয়োজনীয়তা ছিল কি ? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

২। মাজেদ সাহেবের রুমগুলো এতই ছোট যে, আসবাবপত্র রাখার জায়গা নেই। বড় আলমারি, খাট, ড্রেসিং, ডাইনিং, পড়ার টেবিল দিয়ে ছোট রুম ঠাসা। হাঁটা চলার কোন উপায়ন্তর নেই। তার এক বন্ধু বেড়াতে এসে তার আসবাবপত্রের এমন অবস্থা দেখে আসবাব বিন্যাসের পরামর্শ দেন।

ক) গৃহ সজ্জার অন্যতম প্রধান অংশ কী ? ১
খ) আসবাব বিন্যাসে প্রাধান্য কেন গুরুত্বপূর্ণ ? ২
গ) মাজেদ সাহেব তার রুম অনুযায়ী আসবাাব কীভাবে বিন্যাস করতে পারেন ? ব্যাখ্যা কর। ৩
ঘ) সঠিক শিল্পনীতি অনুসরনের মাধ্যমে মাজেদ সাহেবের বাসস্থান আকর্ষনীয় হতে পারে বিশ্লেষন কর। ৪

৩। মিনারা বেগমের বড় ছেলে পঞ্চম শ্রেণিতে পড়ে। গোল্ডেন A+ পাওয়ার জন্য তাকে একটা ভালো কোচিং সেন্টারে মিনারা বেগম ভর্তি করিয়েছেন। কিন্তু ছেলেটার পড়াশুনার ব্যাপারে অগ্রগতি হচ্ছেনা। পড়াশুনায় কোন মনোযোগ নেই। বিষয়টি পরিবারের সদস্যদের নজরে আসলে মিনারা বেগমের উপর ছেলের বিশেষ দায়িত্ব পালনের চাপ প্রয়োগ করা হয়।

ক) গৃহ ব্যবস্থাপনার মূল চাবিকাঠি কোনটি? ১
খ) কিভাবে লক্ষ্য অর্জন সহজতর হয়? ২
গ) মিনারা বেগমের ছেলের মধ্যে কোন লক্ষের ঘাটতি রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) পরিবারের সদস্যদের পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

৪। নাজমা খাতুন হঠাৎ করে তার বাসায় আত্নীয় স্বজনদের ফোন করে দাওয়াত করেন। তার স্বামী অসুস্থ থাকায় তার স্কুলে পড়া ছেলেকে দিয়ে বাজার করান। ঘরকুনো স্বভাবের বড় মেয়েকে অতিথি আপ্যায়নের দায়িত্ব দেন। তিনি অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্বক্ষনিক তদারকি করেন।

ক) গৃহ ব্যবস্থাপনার প্রথম ধাপ কী? ১
খ) গৃহ ব্যবস্থাপনা বলতে কী বুঝায়? ২
গ) আপ্যায়নে নাজমা খাতুনের ত্রুটি ব্যাখ্যা কর? ৩
ঘ) আয়োজক হিসাবে নাজমা খাতুনের কাজের ধাপগুলোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫। সোহানা বেগম তিনি তার সীমিত সম্পদের মাধ্যমে বিভিন্ন কাজ সম্পাদন করেন। প্রয়োজনে তিনি তার অব্যবহৃত শাড়ি দিয়ে তার দুই মেয়ের থ্রী পিস বানিয়ে দেন। তার নিজস্ব প্রচেষ্টার মাধ্যমে তার পরিবারের সকলের চাহিদা মেটান। সকলে তার প্রতি সন্তুষ্ট।

ক) শক্তি কোন দিক দিয়ে সীমাবদ্ধ? ১
খ) কোন সম্পদ হস্তান্তর যোগ্য? ২
গ) সোহানা বেগমের কাজের মাধ্যমে সম্পদের কোন বৈশিষ্ট্যের প্রকাশ ঘটেছে? ৩
ঘ) সম্পদের সুষ্ঠ ব্যবহারের ফলে পরিবারের সবাই তার প্রতি সন্তুষ্ট ব্যাখ্যা কর? ৪

৬। ফাতেমা তার মানবীয় সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে পরিবারের আয় বৃদ্ধির পাশাপাশি ব্যবস্থাপনাকে সহজ করেছে। তার বিভিন্ন বিষয় ভিত্তিক জ্ঞান তাকে সুপ্রতিষ্ঠিত করেছে। কেননা সামর্থ্য ও দক্ষতা লক্ষ অর্জনে সহায়তা করে।

ক) সম্পদ কত প্রকার? ১
খ) জমি, বাড়ি কোন ধরনের সম্পদ বুঝিয়ে লিখ? ২
গ) ফাতেমার বিষয় ভিত্তিক জ্ঞান, গৃহ ব্যবস্থাপনাকে সহজ করেছে কীভাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে সর্বশেষ বক্তব্য তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। হাসিনা বেগম একজন সফল গৃহিনী। তার উপার্জিত অর্থ দিয়ে পরিবারের সদস্যরা সাহায্য সহযোগিতা পাচ্ছে। তিনি ঘরে হাঁস, মুরগী ও ছাগল প্রতিপালন করেন। তার কষ্টের উপার্জিত অর্থ তার কলেজ পড়ুয়া ছেলে বিভিন্ন বাহানায় নষ্ট করে।

ক) উপযোগ কী? ১
খ) সম্পদের সীমাবদ্ধতা বলতে কী বুঝ? ২
গ) হাসিনা বেগমের ছেলে কোন ধরনের সম্পদ নষ্ট করে? ব্যাখ্যা কর। ৩
ঘ) গৃহ পরিচালনায় হাসিনা বেগম বিভিন্ন প্রকার সম্পদ ব্যবহারে পারদর্শী কিনা? মূল্যায়ন কর। ৪

৮। শারমিন আক্তারের ২ ছেলে ২ মেয়ে। ঢাকার নামকরা প্রতিষ্ঠানে লেখাপড়া করে। শারমিন তার ছেলে মেয়েদের পড়াশুনায় ভাল রেজাল্ট করার উপদেশ প্রদান করেন। তার ছেলে মেয়েরা সবাই খুব মেধাবী। কিন্তু বাসায় কোন মেহমান আসলে শারমিন আক্তার বিরক্ত বোধ করেন।

ক) গৃহে যাবতীয় কর্মকান্ডের কেন্দ্র বিন্দু কে? ১
খ) গৃহে সুষ্ঠু কর্মব্যবস্থা সৃষ্টি করা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর? ২
গ) সন্তানদের লেখাপড়ার ব্যাপারে সানজিদা খাতুনের কোন গুনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) শারমিন আক্তারের মেহমান আপ্যায়নের বিষয়টি দক্ষ গৃহ ব্যবস্থাপকের গুনাবলীর সাথে সামঞ্জস্য কিনা? বিশ্লেষণ কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম**

**বিষয় ঃ গার্হস্থ্য বিজ্ঞান**

**বিষয় কোড ঃ ১১৪**

**সময় ঃ ২৫মিনিট** **পূর্ণমান ঃ ২৫**

**বহুনির্বাচনী অভীক্ষা**

[দ্রষ্টব্য ঃ সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। শক্তি ব্যবস্থাপনায় কি অনুসরণ করতে হয় ?
ক) বাজেট খ) কর্ম তালিকা গ) সময় তালিকা ঘ) সুষ্ঠু পরিকল্পনা

২। মানুষের চাহিদা পূরণ করতে বেশি প্রয়োজন কোনটির ?
ক) সম্পদ খ) বাসস্থান গ) অর্থ ঘ) বস্ত্র

৩। খাদ্য খাতে বাজেট ব্যয় কমে কেন ?
ক) আয় বাড়লে খ) ব্যয় বাড়লে গ) বাজেট বাড়লে ঘ) সঞ্চয় বাড়লে

৪। আসবাব বিন্যাসের অন্যতম নীতি কোনটি ?
ক) প্রাধন্য খ) সামঞ্জস্য গ) ভারসাম্য ঘ) সমানুপাত

৫। কোনটির সাথে সামঞ্জস্য রেখে আসবাব নির্বাচন করতে হয় ?
ক) নকশা খ) রুচি গ) নমনীয়তা ঘ) পরিবারের আয়

৬। সামঞ্জস্য কথাটি প্রয়োগ হয় কোন অর্থে ?
ক) সজ্জা খ) বিন্যাস গ) শিল্প ঘ) নতুনত্ব

৭। শিশুর বিকাশ কোন ধরণের প্রক্রিয়া ?
ক) সরল খ) মিশ্র গ) জটিল ঘ) আবেগীয়

৮। কোনটি জীবকোষের প্রধান অংশ ?
ক) কোষ প্রাচীর খ) বংশগতি গ) ক্রোমজম ঘ) ডিম্বানু

৯। শিশুর দৈহিক ও মানসিক বৈশিষ্ট্য কিসের উপর নির্ভরশীল ?
ক) জিন খ) নিউক্লিয়াস গ) প্রোটোপ্লাজম ঘ) কোষপ্রাচীর

১০। শিশুর ক্ষমতাকে বাড়িয়ে দেয় কোনটি ?
ক) স্নেহ খ) ধৈর্য্য গ) প্রশংসা ঘ) পরিশ্রম

১১। সাধারনত কিসের ভিত্তিতে পরিবারের লক্ষ্য স্থির করা হয়?
ক) পরিকল্পনা খ) মূল্যবোধ গ) সংগঠন ঘ) নিয়ন্ত্রন

১২। পর্যবেক্ষনের মাধ্যমে কাজের অগ্রগতি পরীক্ষা করা গৃহ ব্যবস্থাপনার কোন পর্যায়ের কাজ?
ক) পরিকল্পনা খ) নিয়ন্ত্রন গ) সংগঠন ঘ) মূল্যায়ন

১৩। সাওদা যদি পারিবারিক ভাবে গৃহীত কোন সিদ্ধান্ত পরিবর্তন করতে চায় তাহলে তাকে কী করতে হবে?
ক) সদস্যদের মতের বিরুদ্ধে যাবে
খ) একাকী সিদ্ধান্ত নিবে
গ) সদস্যদের সাথে আলোচনা করবে
ঘ) পরিবারের একজনের সাথে আলোচনা করবে

১৪। গৃহ ব্যবস্থাপনাকে পারিবারিক জীবনের প্রশাসনিক দিক বলে কে অভিহিত করেছেন?
ক) নিকেল ও গ্রস খ) গ্রস ও ক্রান্ডেল
গ) ক্রান্ডেল ও নিকেল ঘ) নিকেল ও ডরসি

১৫। কাজে সফলতা অর্জনের জন্য কোন গুনটি থাকা প্রয়োজন?
ক) বিচারবুদ্ধি খ) সৃজনশক্তি গ) অধ্যবসায় ঘ) উদ্দীপনা

১৬। একজন গৃহ ব্যবস্থাপক আত্মসংযম গুণের অধিকারী হলে-
i) পারিবারিক সম্পর্ক ভালো থাকে
ii) পারিবারিক সমস্যা সমাধান সহজ হয়
iii) সদস্যদের আচরণগত বৈশিষ্ট্য জানা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭। উপযোক নির্ভর করে কিসের উপর?
ক) জ্ঞান খ) বুদ্ধি গ) দৃষ্টিভঙ্গি ঘ) দক্ষতা

১৮। পরিবারকে সঠিকভাবে পরিচালনার জন্য বেশী প্রয়োজন হয় কোনটির?
ক) শারীরিক শক্তি খ) মানসিক শক্তি গ) জ্ঞান ঘ) সময়

১৯। সম্পদ কত প্রকার?
ক) ২ প্রকার খ) ৪ প্রকার গ) ৬ প্রকার ঘ) ৮ প্রকার

২০। ছেলেদের তুলনায় মেয়েদের কোনটি কম থাকে ?
ক) ক্যালরি খ) পোষাক গ) অলংকার ঘ) বাসস্থান

২১। মানসিক চাপ আমাদের মধ্যে কী সৃষ্টি করে ?
ক) আনন্দ খ) হতাশা গ) উদ্যম ঘ) আনুগত্য

২২। প্রথম শ্রেণির প্রোটিন কোনটি /
ক) ডাল খ) বাদাম গ) ভুট্টা ঘ) মাংস

২৩। পাকস্থলি হতে অপরিপাককৃত খাদ্য কোথায় আসে ?
ক) অন্ননালিতে খ) বৃহদন্ত্রে গ) ক্ষুদ্রান্ত্রে ঘ) মলাশয়ে

২৪। ফ্যাট পরিপাকে পাকস্থলিতে কোন এনজাইম কাজ করে ?
ক) এষ্টারেজ খ) মলটেজ গ) ট্রিপসিন ঘ) লাইপেজ

২৫। খাদ্য পরিপাক ও শোষনে সহায়তা করে কোনটি ?
ক) লৌহ খ) পানি গ) প্রোটিন গ) আয়োডিন